# দেশকে পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত করবে আগামী নির্বাচন: এম এ মালিক




সংগৃহীত ছবি

যুক্তরাজ্য বিএনপির সভাপতি ও বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা এম এ মালিক বলেছেন, আসন্ন জাতীয় নির্বাচন হবে বাংলাদেশকে পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত করার ঐতিহাসিক সুযোগ। এই নির্বাচন শুধু ক্ষমতার পরিবর্তন নয়, এটি হবে স্বাধীনতা, গণতন্ত্র ও জনগণের অধিকার পুনরুদ্ধারের লড়াই।

রোববার (২৬ অক্টোবর) সন্ধ্যায় সিলেটের ফেঞ্চুগঞ্জে রাষ্ট্র সংস্কারের লক্ষ্যে বিএনপির ঘোষিত ৩১ দফার সমর্থনে আয়োজিত এক গণসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

এ সময় এম এ মালিক বলেন, ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য নির্বাচন দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার নির্বাচন। এই নির্বাচনের মধ্য দিয়েই দেশ পরাধীনতার বন্ধন থেকে মুক্ত হয়ে প্রকৃত গণতন্ত্রের পথে এগিয়ে যাবে। তিনি আরও বলেন, গত ১৫ বছর ধরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান জনগণের ভোটাধিকার ফিরিয়ে দিতে নেতৃত্ব দিয়ে যাচ্ছেন, যা আজ গণমানুষের আন্দোলনে রূপ নিয়েছে।

LENS ASIA

তিনি অভিযোগ করে বলেন, দেশে একটি গোষ্ঠী সুষ্ঠু নির্বাচন চায় না—তারা চায় ক্ষমতার স্থায়িত্ব, জনগণের নয়। শেখ হাসিনা ও প্রতিবেশী ভারতও একই উদ্দেশ্যে নির্বাচন এড়ানোর চেষ্টা করছে বলে মন্তব্য করেন তিনি। তবে তিনি দৃঢ়ভাবে বলেন, জনগণের ঐক্যই আগামী ফেব্রুয়ারিতে সেই নির্বাচনকে বাস্তবে রূপ দেবে।

শেষে এম এ মালিক দলীয় মনোনয়ন পেলে সিলেট-৩ আসনের উন্নয়ন, অবকাঠামো সংস্কার ও নাগরিক সমস্যা সমাধানে আন্তরিকভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।